



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০১০.২০২৪.৪০

তারিখ: ৫ চৈত্র ১৪৩০

১৯ মার্চ ২০২৪

বিষয়: বিষয়ঃ শৈলকুপা পৌরসভার বকেয়া ট্যাক্স, হাট-বাজারের অর্থ বন্টন/জমা, অডিট নিষ্পত্তি, বকেয়া বেতন-ভাতা এবং উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি প্রেরণ।

সূত্র: ডিডিএলজি ঝিনাইদহ এর স্মারক নং-১২৩, তারিখঃ ০১/০২/২০২৪খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে শৈলকুপা পৌরসভার-

(ক) চলতি ২০২৩-২৪ অর্থ বছরের বকেয়া পৌর কর ২.১৬ কোটি (দুই কোটি ষোল লক্ষ টাকা) (প্রায়)।

শতভাগ আদায়ে গৃহিত পদক্ষেপ ও আদায়ের সর্বশেষ অগ্রগতি (দাবী, আদায় ও বকেয়ার প্রমাণকসহ) প্রেরণ;

(খ) বাংলা ১৪২৯ ও ১৪৩০ সনে ইজারাকৃত হাটের ইজারালব্দ অর্থ বিদ্যমান নীতিমালা অনুযায়ী বন্টন ও সংশ্লিষ্ট ৫% ভূমি রাজস্ব ও ৪% অর্থ মুক্তিযোদ্ধাদের অনুকূলে সংশ্লিষ্ট খাতে জমা না হওয়ার কারণ; এবং

(গ) ২০টি অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির সর্বশেষ অগ্রগতি;

(ঘ) চলতি ২০২৩-২৪ অর্থ বছরে প্রাপ্ত এডিপি'র অর্থায়নে গৃহিত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্যাদি (নির্ধারিত ছকে);

(ঙ) শৈলকুপা পৌরসভার কবিরপুর মৌজার বেদখলকৃত ২৩ শতক জমি এবং ফাজিলপুর মৌজার ৪৯ শতক জমি অবৈধ দখলদার হতে উচ্ছেদ/দখলে আনয়নের বিষয়ে পৌর কর্তৃপক্ষ কর্তৃক গৃহিত কার্যক্রমের প্রমাণকসহ তথ্যাদি; এবং

(চ) পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা বকেয়া থাকার বিস্তারিত তথ্যাদি পত্র প্রাপ্তির দশ কার্যদিবসের মধ্যে এ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-৩-২০২৪

মোঃ শাহজালাল

সহকারী সচিব

ফোন: ০২-৫৫১০১৩০৯

ইমেইল: monitoring2lgd@gmail.com

মেয়র, শৈলকুপা পৌরসভা, ঝিনাইদহ।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০১০.২০২৪.৪০/১

তারিখ: ৫ চৈত্র ১৪৩০

১৯ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- ২) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ৩) উপপরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ (বিষয়টি ফলোআপ করার অনুরোধসহ)।
- ৪) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৬) মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৭) যুগ্মসচিব (মওমু) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।



১৯-৩-২০২৪

মোঃ শাহজালাল

সহকারী সচিব